রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, সেপ্টেম্বর ৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ভাদ্র ১৪২৫/২৭ আগস্ট ২০১৮

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৮৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি, ২০১১ তারিখের ০৪.২২২.০৫৮.০০.০০.০১৪.২০১০-১৫৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত 'জেলা সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি পরিবীক্ষণ কমিটি' নিম্নরূপে পুনর্গঠন করিয়াছে :

(ক) **কমিটির নাম** : 'সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটি' [District Management Committee (DMC) on Social Security].

(খ) **কমিটির গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | উপ-পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| (৩) | সিভিল সার্জন | সদস্য |
| (৪) | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সদস্য |
| (৫) | উপ-পরিচালক, কৃষি | সদস্য |
| (৬) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (৭) | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (৮) | উপ-পরিচালক, বিআরডিবি | সদস্য |
| (৯) | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| (১০) | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (১১) | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (১২) | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (১৩) | উপ-পরিচালক, যুব উন্নয়ন | সদস্য |



**মূল্য :** টাকা ৪·০০

| | | |
|---|---|---|
| (১৪) | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| (১৫) | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| (১৬) | জেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| (১৭) | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| (১৮) | সহকারী জেনারেল ম্যানেজার বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা, সোনালী ব্যাংক লিঃ, জেলা শাখা | সদস্য |
| (১৯) | মেয়র (সকল পৌরসভা)/সিটি কর্পোরেশনের প্রতিনিধি | সদস্য |
| (২০) | কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| (২১) | উপ-পরিচালক, সমাজসেবা | সদস্য-সচিব |

(গ) **কমিটির কার্যপরিধি :**

(১) জেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং এই বিষয়ে বিভাগীয় কমিশনার বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ;

(২) জেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নকারী বিভিন্ন দপ্তর, উপজেলা এবং পৌরসভা/সিটি কর্পোরেশনের কার্যক্রম সমন্বয় এবং সুবিধাভোগীদের ডিজিটাল ডাটাবেইজ সংরক্ষণ;

(৩) স্থানীয় পর্যায়ে গৃহীত সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহ, NSSS-এ বর্ণিত জীবনচক্র কাঠামো (Lifecycle Framework)-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা সেই বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণের প্রতিবেদন পর্যালোচনা;

(৪) সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের আর্থিক সহায়তা বা ভাতা সরাসরি ‘সরকার থেকে ব্যক্তি’ (G2P) পদ্ধতিতে বিতরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর এবং ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান;

(৫) স্থানীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ বা জলবায়ুর উপর প্রভাব, জেন্ডার সমতা, প্রান্তিক জনগোষ্ঠী, নগর কেন্দ্রিক দারিদ্র্য ইত্যাদি বিষয় পর্যালোচনা;

(৬) বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এবং সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম;

(ঘ) কমিটি প্রতি দুই মাসে অন্তত একটি সভা আয়োজন করিবে।

(ঙ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd